



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

প্রচারপত্র নং-৭৪/২০২৩

তারিখ : ০৫-০৪-২০২৩ইং

Govt. Reg. No.-2960

জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : সম্মানিত সদস্য প্রতিষ্ঠানের অনুকূলে প্রতি বৎসর ঈদ উৎসব ভাতা প্রদান এবং এসোসিয়েশনের কর্মকান্ড শতভাগ ডিজিটাইজড করার লক্ষ্যে হালনাগাদ তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

বর্তমান কার্যকরী পরিষদ নির্বাচিত হয়ে দায়িত্বভার গ্রহণের পরেই সম্মানিত সদস্যবৃন্দের আর্থ-সামাজিক উন্নয়ন এবং কর্মক্ষেত্রে বিদ্যমান জটিলতা নিরসনের লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে করোনা মহামারীর জন্য ২য় ধাপে প্রত্যেক নিয়মিত সদস্য প্রতিষ্ঠানকে আর্থিক প্রণোদনা প্রদান করা হয়েছে। উক্ত অর্থ একাউন্ট-পে চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্ব-স্ব হিসাব নাম্বারে এবং সরাসরি প্রদান করা হয়েছে। এছাড়া বিগত ৩০-১০-২০২১ইং তারিখের বিশেষ সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক মরনোত্তর সম্মানী ৫ লক্ষ টাকা থেকে ৬ (ছয়) লক্ষ টাকায় উন্নীত করে তা ইতোমধ্যে কার্যকর করা হয়েছে।

বিগত ২৫-০২-২০২৩ইং তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় সম্মানিত সদস্যবৃন্দকে ঈদ উৎসব ভাতা (২০২৩ইং সালের ক্ষেত্রে ঈদ-উল-আযহায়) প্রদান এবং এসোসিয়েশনের কর্মকান্ড শতভাগ ডিজিটাইজড করার বিষয়ে আলোচনা ও প্রস্তাবনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রস্তাবনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে নিম্নোক্ত তথ্য ও দলিলাদি প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি।

ক্রঃ	বিবরণ
০১	প্রতিষ্ঠানের হালনাগাদ বর্তমান ঠিকানা :
০২।	স্থায়ী ঠিকানা :
০৩।	মোবাইল নম্বর :
০৪।	ই-মেইল আইডি :
০৫।	হালনাগাদ নবায়নকৃত বুকলেটের ফটোকপি :
০৬।	জাতীয় পরিচয়পত্রের কপি :
০৭।	সদ্য তোলা ২কপি ছবি (পাসপোর্ট সাইজ)
০৮।	ব্যাংক হিসাবের তথ্য ও রাউটিং নাম্বার/চেকের ফটোকপি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে যেকোন তফসিলী ব্যাংক হিসাবের চেকের ফটোকপি দাখিল করতে হবে)
০৯।	লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেজুলেশন ও পার্টনারশীপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

বর্ণিত তথ্য সমূহ প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে উল্লেখ করতঃ মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূল মালিক; অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত/অনাপত্তিপত্র প্রাপ্ত ব্যক্তি এবং লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেজুলেশন মোতাবেক মনোনীত ব্যক্তির সীল-স্বাক্ষরসহ সংযুক্ত দলিলাদি (বর্ণিত তথ্যমতে) আগামী ৩০/০৪/২০২৩ইং তারিখের মধ্যে অত্র এসোসিয়েশনের ৩/সি, নিউ বেইলী রোডস্থ প্রধান কার্যালয়, এয়ারপোর্ট কার্যালয় ও আইসিডি কার্যালয়ে জমা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। উল্লেখ্য, আপনাদের তথ্য সমূহ প্রাপ্তি সাপেক্ষে ঈদ উৎসব ভাতার অর্থ স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আপনাদের সার্বিক সহযোগিতা ও কল্যাণ কামনা করছি।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক বাশার)

সাধারণ সম্পাদক

(মোঃ মিজানুর রহমান)

সভাপতি

HEAD OFFICE
&
MAILING ADDRESS
3/C, New Baily Road
Ramna, Dhaka.
Phone: 88 02222225942
PABX: 48312757, 48317328
E-mail: dcaa.2009@gmail.com
Website: www.dcaadhaka.org

BRANCH OFFICE
AIR FREIGHT UNIT OFFICE
C & F Bhaban
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka-1230

CUSTOM HOUSE OFFICE
Custom House (1st Floor),
Kurmitola, Dhaka.
Phone: 8901240

ASYCUDA WORLD OFFICE
Custom House (G.F)
Hazrat Shahjalal Int'l Airport
Kurmitola, Dhaka.
Phone: 8901242, 8901331

ICD KAMALAPUR OFFICE
Custom House, ICD,
Kamalapur, Dhaka-1000
Phone: 58311105, 48311584

SAVAR OFFICE
DEPZ Customs Station,
Ganakbari, Savar, Dhaka.
Phone: 996689434

ADAMZEE OFFICE
Adamzee EPZ Customs Station
Siddirganj, Narayanganj

PANGAON OFFICE
Pangaon Custom House
Pangaon, Keraniganj
Dhaka